

হবিগঞ্জ সদর উপজেলায় ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা হবিগঞ্জ সদর উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে খাদ্য সহায়তা কর্মসূচির অংশ হিসেবে বন্যা পরবর্তী সময়ে ওএমএস (খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয়) কার্যক্রমে নিম্নে উল্লেখিত ইউনিয়ন বিক্রয় কেন্দ্রসমূহে মোট ০৩ (তিন) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আগ্রহী ধান, চাল ও খাদ্যশস্য ব্যবসায়ী/আগ্রহী প্রার্থীগণকে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৮/০৯/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ এর কার্যালয়ে একজন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ আবেদন জমা দেওয়ার জন্য আহ্বান করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	বিক্রয় কেন্দ্রের নাম	ডিলার সংখ্যা
০১	লোকড়া	লোকড়া বাজার, লাখাই রোড	০১
০২	রিচি	নোয়াগাঁও পয়েন্ট	০১
০৩	গোপায়া	দিঘলবাগ বাজার	০১

১. আবেদনকারীকে খাদ্যশস্যের হিসাব নিকাশ করার যোগ্যতা ও স্বাক্ষরজ্ঞান সম্পন্ন হতে হবে।
২. আবেদনে দোকানের অবস্থান ও কেন্দ্রের নাম উল্লেখ থাকতে হবে।
৩. ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
৪. ধান, চাল, খাদ্যশস্য ব্যবসায়ী হিসেবে হালনাগাদ ট্রেড লাইসেন্স।
৫. বিগত ৬ মাসের ব্যাংক স্বচ্ছলতা সনদ পত্র।
৬. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক জাতীয়তার সনদপত্র।
৭. জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
৮. দোকানের মালিকানা সংক্রান্ত কাগজপত্র, দোকান পাকা হতে হবে এবং একসঙ্গে ১৫ (পনের) মেঃটন খাদ্যশস্য সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।
৯. খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কিংবা আলাদত কর্তৃক শাস্তিপ্ৰাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার হিসেবে নিয়োগ করা হবে না।
১০. নিয়োগপ্রাপ্ত ডিলারকে খাদ্যশস্যের খুচরা লাইসেন্স গ্রহণ করে ৩০০/- টাকার স্ট্যাম্প খাদ্য বিভাগের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।
১১. সরকারী চাকুরীজীবী কিংবা জনপ্রতিনিধিগণ ডিলার হতে পারবেন না।
১২. ডিলার নিয়োগ বা বাতিলের বিষয়ে উপজেলা ওএমএস কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লেখ্য, একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ডিলার হতে পারবেন না এবং ত্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।




বেনু গোপাল দাস
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

ও

সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি
ucfhabigonjsadar@gmail.com

- ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ২। প্রশাসক, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ও সভাপতি, ওএমএস কমিটি (আপনার নোটিশ বোর্ডে দেওয়ার অনুরোধসহ)।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ। (আপনার নোটিশ বোর্ডে দেওয়ার অনুরোধসহ)।
- ৫। অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ (আপনার নোটিশ বোর্ডে দেওয়ার অনুরোধসহ)।
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ (আপনার নোটিশ বোর্ডে দেওয়ার অনুরোধসহ)।
- ৭। সদস্য, উপজেলা ওএমএস কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
- ৮। অফিস কপি।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।